



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির ২য় সভা ১৯ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব আবু তাহের মাসুদ রানা, মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। কর্মপরিবেশ উন্নয়ন, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ, সকল প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন শতভাগ অনলাইনে প্রাপ্তি নিশ্চিতকরণ, NISE সিস্টেমে প্রশিক্ষণের তথ্য আপলোড, গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী চালুকরণ, e-gp- তে ক্রয় প্রক্রিয়া চালুকরণ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ে অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। সভায় বর্ণিত বিষয়সমূহে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভাপতি দাপ্তরিক কাজের সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও নৈতিকতার বাস্তবায়ন নিশ্চিতের ব্যবস্থা নিতে সভায় উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।



চিত্র: নৈতিকতা কমিটির সভার কিছু স্থির চিত্র।